প্রথম আলো

তারিখ ... 30 JUN 2017 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ......

# ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচি

কাল পয়লা জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস। এ বছর দিবসটির প্রতিপাদ্য হচ্ছে 'উদ্ভাবন ও উন্নয়নে উচ্চশিক্ষা'। দিবসটি উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালন করা হবে। ১৯২১ সালের ১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হয়েছিল। এ কারণে এই দিনটি 'ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস' হিসেবে পালিত হয়। সকাল সোয়া ১০টায় প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা, ঢাকা বিশ্ববিদ্যালয় ও হলগুলোতে পতাকা উত্তোলন এবং সংগীতের মধ্য দিয়ে দিবসটির কার্যক্রম শুরু হবে। বিশ্ববিদ্যালয় শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে শোভাযাত্রা অনুষ্ঠিত হবে। সকাল ১০টা থেকে বেলা ১টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারে দুর্লভ পাণ্ডুলিপি প্রদর্শন করা হবে। এ ছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব অনুষদ, বিভাগ, ইনস্টিটিউট ও হল দিনব্যাপী কর্মসূচি পালন করবে।

● নিজস্ব প্রতিবেদক